

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর

### ২০২০-২০২১ অর্থ বছরের উত্তম চর্চার তালিকা:

১। পেনশনভোগীদের জন্য পেট্রোবাংলায় অবস্থানকালীন অপেক্ষাকক্ষের ব্যবস্থা করা।

➤ পেট্রোবাংলার পেনশনভোগী কর্মকর্তা-কর্মচারীদের অনেককে অবসরকালীন সময়ে মাঝে মাঝে পেট্রোবাংলায় আসতে হয়। নিজস্ব দাপ্তরিক স্থান না থাকাতে দাপ্তরিক কাজের ঝামেলা এড়ানোর নিমিত্ত পেট্রোবাংলায় বিশ্রাম-এর স্থান প্রস্তুত আছে।

২। দাপ্তরিকভাবে ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষায় মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও ইনফ্রারেড থার্মোমিটার ব্যবহার নিশ্চিতকরণ।

➤ কোভিড-১৯ অতিমারির কারণে গোটা বিশ্বে আজ মৃত্যুর তালুব। ইতোমধ্যে বাংলাদেশেও মৃত্যুর মিছিল বড় হয়েছে। গোটা বিশ্ব করোনা জনিত কারণে বিপর্যস্ত। জীবন রক্ষায় তাই স্বাস্থ্য সুরক্ষা বিধি মেনে চলা জরুরি। আর এ কারণে স্বাস্থ্য সুরক্ষা বিধির আওতায় মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও ইনফ্রারেড থার্মোমিটার ব্যবহার পেট্রোবাংলার কর্মকর্তা-কর্মচারিগণের জন্য নিশ্চিত করা হয়েছে।

৩। পেট্রোবাংলায় আগত অতিথিদের বসবার ব্যবস্থা করা।

➤ প্রতিদিন বিবিধ কারণে অনেকেই পেট্রোবাংলায় এসে থাকেন। প্রয়োজনের তাগিদে তাঁদেরকে দীর্ঘ সময় পেট্রোবাংলায় অবস্থান করতে হয়। ফলে আগত অতিথিদের অনেকের জন্য বসার জায়গার প্রয়োজন হয়। এ কারণে পেট্রোবাংলায় আগত অতিথিদের বসবার ব্যবস্থা করা হয়েছে।

৪। অফিস আঞ্জিনার সৌন্দর্যবর্ধন করা।

➤ জীবনের পরতে পরতে সৌন্দর্যের প্রয়োজন অনস্বীকার্য। সৌন্দর্য মানুষকে নতুন করে শক্তি জোগায়। তাই দর্শক বা আগত অতিথিবৃন্দের মনোরঞ্জনের জন্য পেট্রোবাংলার প্রবেশস্থল এবং আঞ্জিনা নতুনভাবে সাজানো হয়েছে যাতে করে দর্শক এবং অতিথিবৃন্দকে আকৃষ্ট করতে পারে।

১২/১২/২০

দিব্যেন্দু শেখর বিশ্বাস  
মহাব্যবস্থাপক (সংস্থাপন)  
পেট্রোবাংলা, ঢাকা